গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mole.gov.bd

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০৩৬.৫০.০০১.১৯.৭

তারিখ: ২৯ পৌষ ১৪২৮
১৩ জানুয়ারি ২০২২

বিষয়: **শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় - এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২২ এর দ্বিতীয় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) প্রতিবেদন প্রেরণ।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের **অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত** কর্মপরিকল্পনা ২০২১-২২ এর দ্বিতীয় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) প্রতিবেদন এসাথে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১৩-১-২০২২
এ.এস.এম. মেহরাব হোসেন
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
ফোন: ৯৫৪৬২৮৬
ইমেইল: ame@mole.gov.bd

সচিব, সমন্বয় ও সংস্কার
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব, অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০৩৬.৫০.০০১.১৯.৭/১(৩)

তারিখ: ২৯ পৌষ ১৪২৮
১৩ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
২) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৩) ব্যক্তিগত কর্মকর্তা, সমন্বয় ও আদালত অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১৩-১-২০২২
এ.এস.এম. মেহরাব হোসেন
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার

# অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর ত্রৈমাসিক অর্জন (অক্টোবর-ডিসেম্বর ২০২১)

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কর্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২১-২০২২ | | | | | ত্রৈমাসিক অর্জন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| প্রতিষ্ঠানিক ব্যবস্থাপনা | ৫ | [১.১] অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা (অনিক)ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ | [১.১.১] অনিক ও আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদকৃত এবং ওয়েবসাইটে আপলোডকৃত | সংখ্যা | ৫ | ৪ | ৩ | - | - | - | ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হয়েছে এবং নিয়মিত হালনাগাদ করা হয়। |
| পরিবীক্ষণ ও সক্ষমতা উন্নয়ন | ২০ | [২.১] নিদিষ্ট সময়ে অনলাইন/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিস্পত্তি এবং নিস্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ | [২.১.১] অভিযোগ নিস্পত্তিকৃত | % | ৮ | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | - | ১০০% |
| | | [২.২] কর্মকর্ত/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | [২.২.১] প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা | ৫ | ৪ | ৩ | ২ | ১ | - | প্রথম এবং দ্বিতীয় কোয়ার্টারে কোন প্রশিক্ষন আয়োজন করা সম্ভব হয় নি। ৩য় কোয়ার্টারে ০৪ টি প্রশিক্ষন আয়োজন করা হবে। |
| | | [২.৩] ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধবতন কর্তপক্ষের নিকট প্রেবণ | [২.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ৩ | ৪ | ৩ | ২ | ১ | - | গত ২৬ ডিসেম্বর দ্বিতীয় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয় । প্রতিবেদন উর্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরন করা হয়েছে। (প্রমানক সংযুক্ত) |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা | [২.৪.১] সভা অনুষ্ঠিত | সংখ্যা | ৪ | ২ | ১ | | - | - | ২১/১২/২০২১ তারিখে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। (প্রমানক সংযুক্ত) |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আইসিটি সেল

**বিষয় : অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মহিদুর রহমান<br>যুগ্মসচিব ও অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা |
| সভার তারিখ | ২৬ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বিকাল ০৩.০০ ঘটিকায় |
| স্থান | ভার্চুয়াল সভা |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |

সভাপতি সভার শুরুতেই ভার্চুয়াল প্লাটফর্মে অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানান। সভাপতি বলেন এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তরসমূহ ক্রমবর্ধমান বিপুল সংখ্যক শ্রমজীবি মানুষের আইনগত অধিকার বাস্তবায়নসহ স্বাস্থ্যসম্মত ও নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টি তথা শ্রমিকদের সামগ্রিক কল্যাণ নিশ্চিতের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য নানাবিধ কার্যক্রম পরিচালনা করছে। সুশাসন নিশ্চিতকরণের লক্ষ্যে মন্ত্রণালয়ের বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (APA) ও শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) একটি গুরুত্বপূর্ণ বিষয় । অনলাইন অভিযোগসহ সকল প্রকারের অভিযোগ যথাযথভাবে নিস্পত্তির লক্ষ্যে এ মতবিনিময় সভা আহবান করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার জনাব এ. এস. এম. মেহরাব হোসেন অনলাইনে (www.grs.gov.bd) অভিযোগ প্রতিকার সিস্টেমে অভিযোগ করার পদ্ধতি সম্পর্কে অবহিত করেন।

২। অত:পর সভায় উপস্থিত অধিদপ্তর/দপ্তর/সংস্থার অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা, আঞ্চলিক/মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ এ সভা আহবান করার জন্য সভাপতিকে ধন্যবাদ জানান এবং তাঁদের কার্যালয়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থার কর্মপরিকল্পনা বাস্তবায়নসহ চলমান কার্যক্রম সম্পর্কে অবহিত করেন ।

৩। দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ জানান অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ক কাযক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে। সভাপতি সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে সেবাগ্রহীতাদের প্রত্যাশানুযায়ীসেবা প্রদান এবং অনলাইন অভিযোগসহ সবধরণের অভিযোগ দ্রুত ও নির্ধারিত সময়ের মধ্যে নিস্পত্তির বিষয়ে নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) অনিক ও আপিল কর্মকর্তার তথ্য নিয়মিত হালনাগাদ এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে;

(২) নিদিষ্ট সময়ে অনলাইন/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিস্পত্তি এবং নিস্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধবতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

(৩) কর্মকর্ত/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করতে হবে;

(৪) ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধবতন কর্তপক্ষের নিকট প্রেবণ করতে হবে।

(৫) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা করতে হবে।

৪।  পরিশেষে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক অভিযোগ প্রতিকার ব্যবস্থাসহ (GRS) সবধরণের অভিযোগ নির্ধারিত সময়ে নিস্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় এবং অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/১২/২০২১

মোঃ মহিদুর রহমান
যুগ্মসচিব
ও
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০৩৬.৫০.০০১.১৯.৮৮

তারিখ: ১৩ পৌষ ১৪২৮ / ২৮ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সহকারী সচিব, সমন্বয় শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
২) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৩) পরিচালক (প্রশাসন), শ্রম অধিদপ্তর, ঢাকা।
৪) যুগ্ম মহাপরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।
৩) উপ -মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, নারায়নগঞ্জ
৪) সহকারী মহাপরিদর্শক (রুটিন দায়িত্ব), স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা
৫) উপ-পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর

28.12.21

এ.এস.এম. মেহরাব হোসেন
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আইসিটি সেল

...

| | |
|---|---|
| সভাপতি | শাকিলা জেরিন আহমেদ<br>অতিরিক্ত সচিব ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা |
| সভার তারিখ | ২১ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১১.৩০ ঘটিকায় |
| স্থান | ভার্চুয়াল সভা |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |

সভাপতি সভার শুরুতেই ভার্চুয়াল প্লাটফর্মে অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানান। সভাপতি বলেন এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তরসমূহ ক্রমবর্ধমান বিপুল সংখ্যক শ্রমজীবি মানুষের আইনগত অধিকার বাস্তবায়নসহ স্বাস্থ্যসম্মত ও নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টি তথা শ্রমিকদের সামগ্রিক কল্যাণ নিশ্চিতের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য নানাবিধ কার্যক্রম পরিচালনা করছে। সুশাসন নিশ্চিতকরণের লক্ষ্যে মন্ত্রণালয়ের বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (APA) ও শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) একটি গুরুত্বপূর্ণ বিষয় । অনলাইন অভিযোগসহ সকল প্রকারের অভিযোগ যথাযথভাবে নিস্পত্তির লক্ষ্যে অংশীজনদের (Stakeholders) অংশগ্রহণে এ মতবিনিময় সভা আহবান করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার জনাব এ. এস. এম. মেহরাব হোসেন অনলাইনে (www.grs.gov.bd) অভিযোগ প্রতিকার সিস্টেমে অভিযোগ করার পদ্ধতি সম্পর্কে অবহিত করেন।

২। মালিকপক্ষের প্রতিনিধি গাজী শফিকুর রহমান, ব্যবস্থাপক, পিকোর্ড, বাংলাদেশ লিঃ সভায় বলেন, তাঁর কারখানায় শ্রমিক ও মালিক-বান্ধব কর্মপরিবেশ রয়েছে। শ্রমিকদের উন্নয়ন ও নিরাপত্তার স্বার্থে কারখানা কর্তৃপক্ষ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে থাকে। যেমন মাসের ৩০ তারিখের মধ্যে শ্রমিকদের বেতন ও পাওনাদি পরিশোধ করা হয়। তাছাড়াও শ্রমিকদের জন্মদিন উদযাপন, কমিউনিটি স্কুল, চিকিৎসা কেন্দ্র, শ্রমিকদের সুলভমূল্যে নিত্যপণ্য ক্রয়ের সুপারসপ রয়েছে। শ্রমিকদের জন্য এই কারখানায় ০৫দিন পিতৃত্বকালীন ছুটি প্রদান করা হয়।

৩। শ্রমিকপক্ষের প্রতিনিধি জনাব শাহীন আলম বলেন, কারখানায় কোনো প্রকার সমস্যা হচ্ছে না। কারখানায় কোনো সমস্যা উত্থিত হলে মালিকের সঙ্গে তাৎক্ষণিকভাবে আলোচনা করে সমাধান পেয়ে থাকি। শ্রমিকদের সকল বিষয়ে সুযোগ-সুবিধা প্রদান করা হচ্ছে। কারখানা কোনো সমস্যা হলে অভিযোগ বক্সে অভিযোগ করলে তার প্রতিকার পাওয়া যায়, যা শ্রমিকদের জন্য অধিকতর কল্যাণকর। তিনি এ ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান।

৪। জনাব মতুয়া শম্ভুচাঁদ সরকার, সিনিয়র কমপ্ল্যায়েন্স ম্যানেজার এ্যাকটিভ কম্পোজিট মিলস লি: সভায় বলেন, আমাদের কারখানা মহিলা শ্রমিকদের মাতৃত্বকালীন ছুটি ও সুবিধাদি প্রদান করা হয়। কারখানায় মালিক-শ্রমিক পরিবেশবান্ধব তবে কিছু অসাধু শ্রমিক ট্রেড ইউনিয়ন করার ব্যাপারে চাপ প্রয়োগ করে থাকে। এ কারণে কারখানায় কখনও কখনও সাময়িক অসুবিধা সৃষ্টি হয়।

৫। শ্রমিকপক্ষের প্রতিনিধি জিএম জাহিদ হাসান, সহ-সভাপতি সভায় জানান, কারখানায় কোনো ধরনের সমস্যা সৃষ্টি হলে মালিকপক্ষকে জানালে সমাধান করার চেষ্টা করা হয়। শ্রমিকদের ডাচ-বাংলা ব্যাংকের (রকেট) ও অন্যান্য ব্যাংক একাউন্টের মাধ্যমে ০৭ তারিখের মধ্যে বেতনভাতা প্রদান করা হয়।

৬। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উপমহাপরিদর্শক জনাব সৌমেন বড়ুয়া বলেন, শ্রম আইন অনুযায়ী কারখানা ও প্রতিষ্ঠানসমূহে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের শ্রম পরিদর্শক কর্তৃক নিয়মিত

পরিদর্শন করা হয়। কারখানায় ডে-কেয়ার, কর্মপরিবেশ বিষয়ে শ্রমিকের কোনো অভিযোগ আছে কি-না তা পরিদর্শনকালীন খোঁজখবর রাখা হয়। কোনো শ্রমিকের অসুবিধা থাকলে সর্বোচ্চ পর্যায়ে সেবা দেওয়ার প্রচেষ্টা করা হয়। কারখানা ও প্রতিষ্ঠান কর্তৃক কোনো তথ্য আদানপ্রদানের ক্ষেত্রে হার্ডকপি প্রেরণসহ ই-মেইলের মাধ্যমে প্রেরণ নিশ্চিত করলে আরও ভালো হয়। তিনি আরও জানান, কারখানা ও প্রতিষ্ঠান সেবা নিশ্চিত করার জন্য স্বচ্ছ অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে এবং এটি শতভাগ কারখানায় থাকা দরকার। সকল শ্রমিক কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের টোল-ফ্রি নম্বরে অভিযোগ প্রদান করতে পারে।

৭। শ্রম অধিদপ্তরে উপপরিচালক জনাব মিনু আফরোজ সভায় জানান, মালিক ও শ্রমিকদের মাঝে সম্পর্কে উন্নয়নের জন্য সর্বদা প্রচেষ্টা করা হয়। সিটিজেন চার্টার অনুযায়ী সকল সেবা প্রদান করা হচ্ছে। নিয়মিত ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন প্রদান করা হচ্ছে।

৮। আইআরআই, টঙ্গী'র উপপরিচালক আফিফা বেগম সভায় বলেন, বিভিন্ন সেক্টরের শ্রমিক ও মালিকদের শ্রম আইন সম্পর্কে বিভিন্ন ট্রেড প্রশিক্ষণ প্রদান করা হয়। যার মাধ্যমে শ্রমিক ও মালিকগণ দেশের শ্রম আইন সম্পর্কে অবগত হয়। প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদেরকে টিফিন, প্রশিক্ষণ উপকরণ ও ভাতা প্রদান করা হয়। সুষ্ঠুভবে প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য বছরের শুরু হতে ক্যালেন্ডার তৈরি করা হয়েছে। ক্যালেন্ডার অনুযায়ী দেশের বিভিন্ন আইআরআই ও শ্রমকল্যাণ কেন্দ্রের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

৯। মিতশু শাওলিন উপ-পরিচালক সভায় জানান, শ্রম অধিদপ্তরের আওতাধীন ৩২টি শ্রম কল্যাণ কেন্দ্র-এর মাধ্যমে শ্রমিকদের চিকিৎসা, চিত্তবিনোদন, বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়। তবে অনেকে শ্রম কল্যাণ কেন্দ্রে ডাক্তার নেই। ডাক্তার নিয়াগের কার্যক্রম চলমান রয়েছে। ৩২টি শ্রম কল্যাণ কেন্দ্রের সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে টাঙ্গিয়ে দেওয়া হয় যা দেখে শ্রমিকগণ সহজেই সেবা পেতে পারে।

১০। জনাব মোঃ মহিদুর রহমান, যুগ্মসচিব ও বিকল্প শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় বলেন, সকল ভার্চুয়াল সভায় উপস্থিত থেকে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেছেন মর্মে তাদের সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

১১। শাকিলা জেরিন আহমেদ, অতিরিক্ত সচিব ও মন্ত্রণালয়ের অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা মালিকপক্ষকে শ্রমিকদের সুযোগ সুবিধা প্রদান করার ক্ষেত্রে যত্নবান হওয়ার আহ্বান জানান। সকল শ্রমিককে তাদের অধিকার নিশ্চিত করণে আরও সচেতন হতে হবে। অভিযোগ নিস্পত্তির বিষয়ে গুরুত্ব দিতে হবে। দুর্নীতি প্রতিরোধে সুশাসন নিশ্চিত করতে হবে। তিনি আরও বলেন, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং আইএলও প্রদত্ত নীতিমালা বাস্তবায়নে কাজ করতে হবে। এসব আইনের আলোকে শ্রমিক অধিকার সুপ্রতিষ্ঠা করতে হবে। তিনি সকল দপ্তর সংস্থাসহ আঞ্চলিক কার্যালয়সমূহে অনলাইন ও অফলাইনে অর্থাৎ GRS Systemএবং অভিযোগ বক্সে দাখিলকৃত অভিযোগ যথাসময়ে নিস্পত্তির বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

১২। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) সিটিজেন চার্টার অনুযায়ী স্ব স্ব অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক সেবাগ্রহীতাদের সেবা প্রদান করতে হবে;

(২) সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা নিশ্চিত না করা হলে ভুক্তভোগী শ্রমিক অনলাইনে (www.grs.gov.bd) অভিযোগ প্রতিকার সিস্টেমে তাঁর অভিযোগ দাখিল করবেন। সেই সঙ্গে অভিযোগ বক্সে অভিযোগ দাখিলের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৩) যথাসময়ে অভিযোগ নিস্পত্তি করতে হবে।

(৪) পরিদর্শনের সময়ে শ্রম আইনের যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

(৫) স্বাস্থ্যবিধি মেনে প্রত্যেক কারখানার মালিকপক্ষকে যথাসম্ভব শ্রমিকদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ প্রশিক্ষণে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা হতে রির্সোস পারসন নেয়া যেতে পারে;

১৩। পরিশেষে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সহ সবধরণের অভিযোগ নির্ধারিত সময়ে নিস্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় এবং অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

শাকিলা জেরিন আহমেদ
অতিরিক্ত সচিব ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০৩৬.৫০.০০১.১৯.১২৩

তারিখ: ১৪ পৌষ ১৪২৮
২৯ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর / দপ্তর / সংস্থার প্রধান
২) যুগ্মসচিব (সমন্বয় ও আদালত), সমন্বয় ও আদালত অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৩) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৪) ব্যক্তিগত কর্মকর্তা, রপ্তানীমুখী শিল্প ও আন্তর্জাতিক সংস্থা অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৫) উপ-পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর
৬) উপ -মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, নারায়নগঞ্জ
৭) উপ মহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৮) জনাব মিল্টন কাজী, ডেপুটি ম্যানেজার, জিহাদ গার্মেন্টস ইন্ডাস্ট্রি লিমিটেড
৯) জনাব মতুয়া শম্ভুচাঁদ সরকার, সিনিয়র কমপ্ল্যায়েন্স ম্যানেজার, এ্যাকটিভ কম্পোজিট মিলস লি:
১০) জনাব গাজি সফিকুর রহমান, ব্যবস্থাপক, পিকোর্ড, বাংলাদেশ লিঃ
১১) মোছাঃ নুর জাহান, জুনিয়র হ্যাংট্যাগম্যান, কাঠগড়া বাজার, জিরাবো
১২) জনাব জিএম জাহিদ হাসান, সভাপতি, এ্যাকটিভ কম্পোজিট মিলস লি:
১৩) জনাব শাহীন আলম, সিপ্লটিং অপারেটর, পিকোর্ড, বাংলাদেশ লিঃ

এ.এস.এম. মেহরাব হোসেন
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার


অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত
অনিক-ও-আপিল-কর্মকর্তা
বায়ান্নো English
mole.gov.bd/site/page/762e9c4b-0784-47fa-b9c1-48f32e0a38bd/অনিক-ও-আপিল-কর্মকর্তা
আমাদের সম্পর্কে | মন্ত্রী ও কর্মকর্তা | দপ্তর | ই-লাইব্রেরী | মিডিয়া | ওয়েবমেইল | দরপত্র | যোগাযোগ
Text size A A A Color C C C C
সর্ব-শেষ হাল-নাগাদ: ১৮ অক্টোবর ২০২১

# অনিক ও আপিল কর্মকর্তা

GRS Focal অনিক ও আপিল কর্মকর্তা

Office_Order1.pdf 1 / 1 50%

মাননীয় প্রতিমন্ত্রী
বেগম মন্নুজান সুফিয়ান, এমপি
মাননীয় প্রতিমন্ত্রী
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বিস্তারিত

সচিব
জনাব মোঃ এহছানে এলাহী
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বিস্তারিত

Recruitment
নিয়োগ বিজ্ঞপ্তি
চাকরির আবেদন ফরম এবং প্রবেশপত্র
অভ্যন্তরীণ ই-সেবা

অভিযোগ প্রতিকা....docx
Show all
Type here to search
83°F Haze
11:11 AM
11/2/2021